আলমডাঙ্গায় তুলার গুদামে ভয়াবহ অগ্নিকান্ড, কয়েক লক্ষ টাকার ক্ষতি

আলমডাঙ্গায় একটি তুলার গুদামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। মঙ্গলবার দুপুর ১ টার দিকে পৌর এলাকার হাইরোস্থ এলাকায় এ অগ্নিকান্ডের ঘটনাটি ঘটে। আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি টিম প্রায় ১ ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। তবে, তাৎক্ষণিক ভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমান ফায়ার সার্ভিস জানাতে পারে নি। ‘আলাউদ্দিন বেডিং সেন্টার’ নামের একটি তুলার গুদামে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। আলাউদ্দিন বেডিং সেন্টারে লেপ, তোষক, গদি ও বালিশ তৈরির কাজ করে। দোকানের পাশেই এর গুদাম।
স্থানীয় সূত্রে জানাযায়, মঙ্গলবার দুপুর ১ টার দিকে পৌরসভার হাইরোডস্থ এলাকায় আলাউদ্দিন বেডিং সেন্টার ও আলাউদ্দিন ফার্ণিচার এন্ড পর্দা গ্যালারী নামে একই মালিকের দুটি প্রতিষ্ঠান। এখানে দীর্ঘদিন যাবৎ আলাউদ্দিন বেডিং সেন্টারে লেপ, তোষক, গদি ও বালিশ তৈরির কাজ করে আসছে।
দুপুর ১ টার দিকে হঠাৎ করে তুলার গুদাম থেকে কালো ধোঁয়া বের হতে দেখে স্থানীয়রা। এদিকে ওই গুদামে ৩ জন ব্যাক্তি লেপ তোষকের কাজ করছিলো। হঠাৎ আগুনের উপস্থিতি দেখে দৌঁড়ে বাইরে চলে আসে। এসময় আগুন গুদামে ছড়িয়ে পড়লে আলমডাঙ্গা থানাপুলিশ, স্থানীয় লোকজন আগুন নিয়ন্ত্রণে চেষ্ঠা চালায়। এদিকে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস একটি টিম ঘটনাস্থলে উপস্থিত হয়ে ১ ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের পানি বহনকৃত গাড়ির পানি ফুঁড়িয়ে গেলে তাদের পানি সংগ্রহ করতে বিপাকে পড়তে হয়। এ আগুনের ত্রিব্য বেড়ে গেলে পাশের ২/৩ তলা বাড়ির বৈদ্যুতিক মিটার, পানির লাইন ও কালো ধোঁয়া ওই সকল বাড়িরও ব্যাপক ক্ষতি হয়েছে। এছাড়াও, আলাউদ্দিন বেডিং সেন্টারের আগুনে পাশে থাকা একটি মোটরসাইকেল গ্যারেজেও মালামাল নষ্ট হয়েছে। এ আগুনের ঘটনায় প্রায় ৩/৫ লক্ষ টাকার মালামাল ক্ষতি হয়েছে বলে দাবি করেন ব্যবসায়ী জিন্নাহ আলি।
আলমডাঙ্গার কয়েকজন ব্যবসায়ী বলেন,‘ পৌর শহরে এ ধরণের আগুন লাগার ঘটনায় আমরা বিস্মিত। এ শহরে অপরিকল্পিত ভাবে বাড়ি ও পানি ব্যবহারের সুবিধা না থাকার কারণেই আজকের এই ভয়াবহ অগ্নিকান্ডের ক্ষতির সম্মূখিন হতে হয়েছে। পরিকল্পিত ভাবে বাড়ি ও আগুন নিয়ন্ত্রণের জন্য পানির সুবিধা পৌর কতৃপক্ষ সহ স্থানীয়রা সুবিধা প্রয়োগ করলে আজকের এ অভিজ্ঞতা থেকে বেরিয়ে আসতে পারে আলমডাঙ্গার ব্যবসায়ীরা।

আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের কর্মিরা বলেন, তুলার গুদামের আগুন নিয়ন্ত্রণে আনা অনেক সময়ের ব্যাপার। এ আগুন নিয়ন্ত্রণে পর্যাপ্ত পরিমাণের পানির প্রয়োজন হয়। আমরা কঠোর ভাবে মজুদকৃত পানি দিয়ে আগুন নিয়ন্ত্রণে এনেছি। তবে, শহরের এ অঞ্চলে মজুদকৃত পানির উৎসহ পুকুর কিংবা খাল বিল না থাকায় পানি সংগ্রহ করতে ব্যাপক ঝামেলায় পড়তে হয়েছে। আমরা আগুন নিয়ন্ত্রণে এনেছি। তুলার গুদামে কিভাবে আগুনের সূত্রপাত তা নিয়ে তদন্ত করা হবে। ক্ষতির পরিমাণ ২/৫ লক্ষ টাকা আনুমানিক ভাবে বলা সম্ভব হবে বলে মনে করেন তারা।

মেহেরপুরের কিছু মাধ্যমিক স্তরের বিদ্যালয় উন্নত ওয়াশ সুবিধা পাচ্ছে

শিক্ষা মৌলিক অধিকারগুলির মধ্যে একটি। অন্যান্য দ্রুত উন্নয়নশীল দেশগুলির সাথে একই গতি বজায় রাখতে মেয়েদের শিক্ষার দিকে মনোযোগ দেয়া দরকার। বাংলাদেশের গ্রাম এলাকায় মেয়েদের শিক্ষার ব্যাপারে কিছু উদাসীনতা পরিউলক্ষিত হয়। কারণ অভিভাবকরা মনে করে মেয়েরা কেবল শুধু সংসার পরিচালনা করবে। এই যুগে এসব ভাবনা উদ্বেগজনক তাই আমাদের দেশের মেয়েদের শিক্ষিত মানুষ হিসাবে গড়ে তোলা জরুরী।

মেহেরপুর জেলায় জাতীয় বেসরকারী সংস্থা এসকেএস ফাউন্ডেশন ওয়াটার এইড বাংলাদেশের সহযোগগিতায় ওয়াশ ইন ইসস্টিটিউশন নামে একটি প্রজেক্ট বাস্তবায়ন করছে। বিশেষত স্কুল স্যানিটেশনে এ প্রকল্পটি অন্তর্ভুক্ত ওয়াস সুবিধাগুলি শিক্ষক, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি, অভিভাবক শিক্ষক এসোসিয়েশন এবং হ্যান্ড ওয়াশিং এর শিক্ষার্থী মাসিক হাইজিন ম্যানেজমেন্ট এর মত স্টেকহোল্ডারদের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে সহায়তা প্রদান করছে। তাছাড়া প্রকল্পভুক্ত প্রতিটি বিদ্যালয়ে ওয়াশ ফান্ড জোগাড় করে পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ সিস্টেম স্থাপন করেছে।

প্রকল্পটি অদ্যাবধি ১২টি মাধ্যমিক বিদ্যালয় এবং মাদরাসাকে সহযোগিতা করছে যেখোনে ৪৯২২ জন ছাত্র ওয়াশ সুবিধাগুলি পেয়েছে এবং প্রায় ৩২১২ জন ছাত্রী তাদের বিদ্যালয়ে মাসিক স্বাস্থ্যকর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

স্কুলের শিক্ষক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

নবনির্মিত ওয়াশ ব্লকে মেয়েদের জন্য আলাদা আলাদা টয়লেটের ব্যবস্থা। টয়লেটে তাদের ব্যবহার্য উপকরণ পরিস্কার করার ব্যবস্থাসহ হাইজিন বক্স, সাবানদানি, কাপড় শুকানোর স্ট্যান্ড স্থাপন ও নিরাপদ পানির পর্যাপ্ত ব্যবহারের জন্য পানির ট্যাংক স্থাপন করা হয়েছে।

ছাত্রজনতা হত্যাকাণ্ডের প্রতিবাদে জাতীয়তা বাদী আইনজীবি ঐক্য ফোরামের মানববন্ধন

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী দিবসে গণতান্ত্রিক কর্মসূচিতে নির্বিচারে ছাত্রজনতা হত্যাকাণ্ডের প্রতিবাদে মানববন্ধন মেহেরপুরে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী দিবসে গণতান্ত্রিক কর্মসূচিতে নির্বিচারে ছাত্রজনতা হত্যাকাণ্ডের প্রতিবাদে জেলা জাতীয়তা বাদী আইনজীবি ঐক্য ফোরামের মানববন্ধন অনুষ্টিত হয়েছে। সোমবার সকালে মেহেরপুর জেলা আইনজীবী সমিতি অফিসের সামনে আইন জীবী ফোরমের সভাপতি রহমতুল্লাহ এর নেতৃত্বে এই মানববন্ধন কর্মসূচি পালন করা হয়।
এসময় উপস্থিত ছিলেন, আইনজীবী ফোরমের সাধারণ সম্পাদ মারুফ আহমেদ বিজন, জেলা আইনজীবি সমিতির সাধারাণ সম্পাদক ফরিদ আহম্মেদ,সাবেক সেক্রেটারি আবু সালেহ মোহাম্মদ নাসিম, আইনজীবী ফোরমের সাংগঠিক সম্পাকদ আতাউল হক আন্টু,, আইনজীবি ফোরমের ভিপি আদিল, আইনজীবি সমিতির ভিপি রফিকুল ইসলাম, সাবেক সভাপতি আনোয়ার হোসেন, সাবেক সেক্রেটারি আসাদুল আজম খোকন ও কামরুল হাসান, আইনজীবি সমিতির যুগ্ম সম্পাদক মিজানুর রহমান সহ জিল্লুর রহমান, সাইদুর রাজ্জাক, মখলেচুর রহমান স্বপন, আব্দুল আলিম প্রমুখ।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে রক্ত ঝরানোর দায় সরকারকে নিতে হবে: ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে রক্ত ঝরানোর দায় সরকারকে নিতে হবে। গত কয়েকদিনে সরকারের পেটুয়া বাহিনী দিয়ে জনগণের ওপরে হামলা ও নির্যাতন চালানো হয়েছে। এভাবে সরকার ক্ষমতায় থাকতে পারে না। সবাইকে ঐক্যবদ্ধ হয়ে এ সরকারের পতন ঘটাতে হবে।

সোমবার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের সামনে এক সমাবেশে তিনি এসব কথা বলেন।

স্বাধীনতা দিবসে ‘মানুষ হত্যা’ ও ‘পুলিশি হামলার’ অভিযোগে এ সমাবেশের আয়োজন করে বিএনপি। সমাবেশে ঢাকা মহানগর বিএনপি ও এর বিভিন্ন অঙ্গসংগঠনের বিপুলসংখ্যক নেতাকর্মী অংশ নেন।

মির্জা ফখরুল বলেন, ক্ষমতা ছেড়ে দিয়ে নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দিন। তখন জনগণ তাদের রায় দেবেন। জনগণ তার পছন্দের প্রতিনিধি নির্বাচন করতে পারবেন। তখন স্বৈরাচারের পতন ঘটবে।

সমাবেশে বিএনপি নেতারা অভিযোগ করে বলেন, সরকারের পুলিশ বাহিনী এ পর্যন্ত ১৭ জনকে হত্যা করেছে। স্বাধীন দেশের স্বাধীনতা দিবসে মানুষ হত্যা ও পুলিশি হামলা কোনোভাবেই কাম্য নয়। এর মাধ্যমে স্বাধীনতাকে কলুষিত করেছে। মসজিদে হামলা করা হচ্ছে। দেশকে একটি সাম্প্রদায়িক রাষ্ট্রে পরিণত করার চেষ্টা করা হচ্ছে। বিএনপি চায় ঘটনার সুষ্ঠু তদন্ত হোক, না হলে খালেদা জিয়া ও তারেক জিয়ার নেতৃত্বে বিএনপি এ অন্যায় কঠোরভাবে প্রতিহত করবে।

সমাবেশে আরও উপস্থিত ছিলেন- বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা আমান উল্লাহ আমান, যুগ্ম মহাসচিব সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল, সাংগঠনিক সম্পাদক সৈয়দ এমরান সালেহ প্রিন্স, প্রচার সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানী, সহসাংগঠনিক সম্পাদক অ্যাডভোকেট আব্দুস সালাম আজাদ, সহজলবায়ুবিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবুল, বিএনপি নেতা প্রকৌশলী ইশরাক হোসেন, ঢাকা মহানগর উত্তরের মুন্সি বজলুল বাসিত আঞ্জু, দক্ষিণের আবুল বাশার, হাবিবুর রশিদ হাবিব,

যুবদলের সাইফুল আলম নীরব, সুলতান সালাউদ্দীন টুকু, মোর্তাজুল করিম বাদরু, স্বেচ্ছাসেবক দলের মোস্তাফিজুর রহমান, গোলাম সরোয়ার, সাইফুল ইসলাম ফিরোজ, ছাত্রদলের ফজলুর রহমান খোকন, ইকবাল হোসেন শ্যামল, সাইফ মাহমুদ জুয়েল প্রমুখ।

আলমডাঙ্গায় দলীয় নেতা কর্মিদের সাথে মত বিনিময় করলেন এমপি ছেলুন জোয়ার্দ্দার

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় আওয়ামী লীগ নেতা কর্মীদের সাথে মত বিনিময় করেছেন।
মত বিনিময় সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন, দেশকে অস্থিতিশীল করতে একটি চক্র মাঠে নেমেছে। বিভিন্ন স্থানে ভাংচুর করছে, অগ্নি সংযোগ করছে। এদের বিরুদ্ধে রুখে দাড়াতে হবে। দলের প্রতিটি নেতা কর্মীকে সজাগ থাকতে হবে। মাঠে প্রস্তুত থাকতে হবে। কোন প্রকার অরাজকতা করার চেষ্টা করলে কঠোর ভাবে দমন করতে হবে।
মতবিনিময় সভায় উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনুর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ উজ জামান লিটু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি বিশিষ্ঠ ব্যবসায়ী ও শিক্ষানুরাগী আলহাজ লিয়াকত আলী লিপু মোল্লা।
উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী মাস্টারের উপস্থাপনায় উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের নির্বাহী সদস্য ও জেলা পরিষদের সদস্য আবু মুসা, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারণ সম্পাদক মতিয়ার রহমার ফারুক, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক কাজী খালেদুর রহমান অরুন, উপজেলা আাওয়ামী লীগের প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক সাইফুর রহমান পিন্টু, উপজেলা ছাত্রলীগের সভাপতি ও উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাড. সালমুন আহমেদ ডন, কালিদাসপুর ইউপি চেয়ারম্যান নুরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি আবু

ডালিম, ইউপি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু, নুরুল ইসলাম, তরিকুল ইসলাম।
এ ছাড়াও উপস্থিত ছিলেন, মোল্লা কামরুজ্জামান শামীম, আব্দুল হান্নান, নুরুল ইসলাম দিপু, আশিকুজ্জামান ওল্টু, বাবলু চৌধুরী, মকবুল হোসেন, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সম্পাদকের মধ্যে সোনা উল্লাহ, জাহাঙ্গীর হোসেন, কাউন্সিলর খন্দকার মজিবুল ইসলাম, আক্তারুজ্জামান, কালু ঘোষ, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, যুগ্ম সম্পাদক হাসানুজ্জামান, প্রচার সম্পাদক আব্দুল্লাহ আল হোসাঈন বাদশা, ছাত্রলীগ নেতা রঞ্জু, সাকিব, রকি, অটাল প্রমুখ।

কার্পাসডাঙ্গায় অবৈধ রায়সা ব্রীক্স ইটভাটায় পোড়ানো হচ্ছে কাঠ

দামুড়হুদায় উপজেলার কার্পাসডাঙ্গায় অবৈধভাবে প্রকাশ্যে রায়সা ব্রীক্স ভাটায় ইট তৈরিতে ব্যবহার বনের কাঠ পোড়ানো হচ্ছে। সরকারি নিয়ম নীতি না মেনে সম্প্রতি ইটভাটায় কয়লার পরিবর্তে কাঠ পোড়ানোর অভিযোগ করেছে স্থানীয়রা।

ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ অনুযায়ী ইট পোড়ানোর কাজে জ্বালানি হিসেবে কোনো জ্বালানি কাঠ ব্যবহার করা যাবে না। অথচ এসব অবৈধ রায়সা ব্রীক্স ইটভাটায় দিনের পর দিন অবাধে চলছে। আধুনিক প্রযুক্তি ব্যবহার করে পরিবেশবান্ধব ইটভাটা স্থাপন করার কথা থাকলেও সনাতন পদ্ধতিতেই এখনো চলছে।

এদিকে রায়সা ব্রীক্স ইটভাটায় সাংবাদিক প্রবেশে রয়েছে নিষেধাজ্ঞা। ক্রেতা পরিচয়ে রায়সা ইটভাটা ঘুরে দেখা গেছে, ইট পোড়াতে বড় বড় গাছের গুড়ি জড়ো করা হয়েছে। ভাটায় কর্মরত এক শ্রমিক বলেন, প্রতি চার লাখ ইট প্রস্তুত করতে ২০ থেকে ২২ দিন সময় লাগে। এতে প্রায় ৩৫ হাজার মণ কাঠ জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়।

এই ব্যাপারে ভুক্তভোগী এলাকাবাসীর অভিযোগ সাংবাদিকে বলেন,

প্রশাসনের কোন নজরদারি নেই। যেন দেখেও না দেখার ভাব। নির্দিষ্টভাবে ১২০ ফুট চিমনির মাধ্যমে ইট পোড়ানোর নিয়ম থাকলেও দু’একটি ছাড়া কোন ইট ভাটা সেই নিয়মও মানছে না। দীর্ঘদিন যাবৎ প্রশাসনকে ম্যানেজ করে গাছ পুড়িয়ে ইট তৈরির প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে সংশ্লিষ্ট ইট ভাটা মালিক কর্তৃপক্ষ মালেক মিয়া।
পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসন নিরব থাকায় ভাটা মালিক মালেক মিয়া কাঠ দিয়ে ইট পোড়ানোয় বেশি উৎসহ পাচ্ছে। ইতিমধ্যেই ফিট চুংগা আইন করে বাতিল করা হলেও আইনের তোয়াক্কা না করেই অবৈধ ইটভাটা মালিক কর্তৃপক্ষ তা ব্যবহার করছে।

প্রতিদিন ইট ভাটায় হাজার হাজার মণ কাঁচা গাছ ভাটায় পুড়িয়ে তৈরি করা হচ্ছে ইট। এরই কারণে, ভাটা অঞ্চলের পরিবেশ দুষিত হলেও ক্ষমতার কারণে নিশ্চুপ ভুমিকায় এলাকাবাসী। রায়সা ব্রীক্স ভাটায় প্রতিদিন ১০/১৫ টি অবৈধ ট্রাক্টর ও স্ট্রেয়ারিং গাড়িতে কাছা গাছ ও মাটি টানায় রাস্তায় কাঁদা মাটি পড়ে সৃষ্টি হয়েছে তীব্র ধুলা। রাস্তায় কাঁদা মাটি পড়ায় সড়ক দুর্ঘটনার মত মৃত্যু মুখী হচ্ছে সাধারণ লোকজন।

কার্পাসডাঙ্গা, বাঘাডাঙ্গা, সুবলপুর, রঘুনাথপুর, এলাকার লোকজন জানান, এ ভাটার কারণে রাস্তায় বহনকৃত মাটি পড়ে তীব্র ধুলায় পরিণত হয়েছে। এতে সড়কে যাতায়াত অযোগ্য হয়ে পড়ে।

আরও বলেন, এ ভাটার কারণে রাস্তার পাশে ফসল উৎপাদনে ব্যাঘাত পোহাতে হচ্ছে। রাস্তার ধুলো গাছে পড়ায় বোঝাই যাই না এটা গাছ নাকি অন্য কিছু।

এ ঘটনায় চুয়াডাঙ্গা পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তার সাথে কথা হলে তিনি বলেন, কোন ভাটায় গাছ পোড়ানোর বৈধতা নেই। যদি কোন ভাটায় গাছ পোড়ানো হয় তাহলে সে ভাটার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে অবৈধ ইটভাটার বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে।

দামুড়হুদায় প্রাণী সম্পদ দপ্তরের প্রদর্শনীর উপকরণ বিতরণ

দামুড়হুদা উপজেলা প্রাণীসম্পদ দপ্তরের বাস্তবায়নে উপকার ভোগীদের মাঝে বিভিন্ন প্রদর্শনীর উপকরণ বিতরণ করা হয়েছে।

জানা গেছে, গতকাল সকালে দামুড়হুদা উপজেলা প্রাণী সম্পদ অধিদপ্তর কার্যালয়ে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু সিআইসি’র ২৪ জন সদস্যের মাঝে প্রদর্শনী উপকরণ বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা প্রাণীসম্পদ অফিসার ডা. মশিউর রহমান, মৎস্য কর্মকর্তা আইয়ুব আলী প্রমুখ।

কালীগঞ্জে প্রবীণ হিতৈষী সংঘের নতুন কমিটি গঠন

ঝিনাইদহের কালীগঞ্জে প্রবীণ হিতৈষী সংঘের সাধারণ সভা ও নতুন কমিটি গঠন করা হয়েছে।
গতকাল রবিবার কালীগঞ্জ হাসপাতাল সড়কের প্রবীণ হিতৈষী সংঘ ও জ্বরা বিজ্ঞান প্রতিষ্ঠান কার্যালয়ের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। প্রবীণ হিতৈষী সংঘের সভাপতি আনছার আলী মাস্টারের সভাপতিত্বে সাধারণ সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ।
কালীগঞ্জ প্রবীন সংঘের সাধারণ সম্পাদক সদর উদ্দীন মিয়ার সঞ্চালনায় এসময় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন মোবারকগঞ্জ চিনিকল শ্রমিক ইউনিয়নের সভাপতি গোলাম রসুল, জেলা কমিটির যুগ্ন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা ইউনুস আলী প্রমুখ।